৩৫.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয় রাজশাহী
www.hmmghsraj.edu.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক : ৩৭-এমজিএস-১২৭০২৩-১৯৭ তারিখ ১৫ অগ্রহায়ণ ১৪৩০
৩০ নভেম্বর ২০২৩

## অফিস স্মারক

বিষয় : ২০২৪ শিক্ষাবর্ষে প্রথম, তৃতীয় ও ষষ্ঠ শ্রেণিতে টেলিটক প্রস্তুতকৃত লটারির মাধ্যমে নির্বাচিত শিক্ষার্থী ভর্তি

### ১. ভর্তি সংক্রান্ত তথ্য

**১.১** আগামী ৩ ডিসেম্বর রবিবার থেকে ০৫ ডিসেম্বর ২০২৩ মঙ্গলবার পর্যন্ত সকাল ১০.০০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত কেবল মেধায় নির্বাচিত শিক্ষার্থীদের এই প্রতিষ্ঠানের নির্ধারিত বুথে ২ নম্বর ক্রমিকে বর্ণিত কাগজপত্র জমা দিয়ে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে। এই সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে নির্বাচিত শিক্ষার্থীর কোনো অবস্থাতেই আর ভর্তির সুযোগ থাকবে না। শূন্য আসনে অপেক্ষমাণ তালিকা হতে পর্যায়ক্রমে শিক্ষার্থী ভর্তি করা হবে।

**১.২** আগামী ৫ ডিসেম্বর ২০২৩ মঙ্গলবার বিকেল ৪.০০টায় অপেক্ষমাণ তালিকার [Waiting List-01] ক্রমানুসারে শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থী ভর্তির তালিকা জানানো হবে। এজন্য ভর্তিচ্ছু নির্বাচিত শিক্ষার্থী ও তাদের অভিভাবকগণকে নিয়মিত প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ড দেখা এবং প্রতিষ্ঠান অফিসে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**১.৩ টেলিটক কর্তৃক লটারির মাধ্যমে প্রকাশিত ভর্তির ফলাফল এই প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশবোর্ড এ প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রম অনুষ্ঠিত হবে।**

### ২. ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র

**২.১** ভর্তির আবেদন ফরম পূরণ [প্রতিষ্ঠান হতে প্রদত্ত]
২.২ শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদ [মূল ও ফটোকপি এবং অনলাইন যাচাইকৃত]
২.৩ তিন কপি পাসপোর্ট আকারের রঙিন ছবি
২.৪ ভর্তির [লটারি] জন্য পূরণকৃত অনলাইন আবেদনের হার্ডকপি
২.৫ কোটার সমর্থনে প্রমাণপত্র

**[১. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে- লাল মুক্তি বার্তা, মুক্তিযোদ্ধার গেজেটের মূলকপি, মুক্তিযোদ্ধার স্মার্ট আইডি কার্ড, ভাতা প্রাপ্তির ক্ষেত্রে সর্বশেষ প্রমাণক দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান, নাতি-নাতনির ক্ষেত্রে সম্পর্কের সনদ, সকলের জাতীয় পরিচয়পত্র ও প্রয়োজনে পিতা-মাতার এসএসসি পরীক্ষা পাসের সনদ ও বিবাহের নিকাহনামা দাখিল করতে হবে।**
**২. প্রতিবন্ধীর ক্ষেত্রে- সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র, প্রতিবন্ধী শিক্ষার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।**
**৩. শিক্ষামন্ত্রণালয়ের কোটার ক্ষেত্রে- অভিভাবকের কর্মস্থলের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।**
**৪. সহোদর কোটার ক্ষেত্রে- বড় ভাইয়ের বিদ্যালয়ের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র**

২.৬ পিতা ও মাতার অনলাইন জন্মনিবন্ধন সনদ ও জাতীয় পরিচয়পত্র [মূল ও ফটোকপি এবং অনলাইন যাচাইকৃত]
২.৭ টিসি [প্রতিষ্ঠান পরিত্যাগপত্র/ছাড়পত্র- টিসি] - মূলকপি
২.৮ শিক্ষার্থীর এবং তার পিতা-মাতার নামের বানান ও অন্যান্য তথ্য সর্বত্র এক ও অভিন্ন হতে হবে
২.৯ সর্বমোট ভর্তি ফি ১২৯৬.৬২/- টাকা মাত্র [সরকারি নির্দেশনা অনুযায়ী]
২.১০ ছবি ও সকল ফটোকপিকৃত কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে

### ৩. বিশেষ ঘোষণা

মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে কোনো শিক্ষার্থী নির্বাচিত হয়ে থাকলে এবং যাচাই-বাছাইকালে তা সনাক্ত হলে তাকে ভর্তি করা হবে না। একই শিক্ষার্থী অনলাইনে জন্মনিবন্ধন নম্বর বার বার পরিবর্তন করে মিথ্যা তথ্য প্রদানের মাধ্যমে একাধিক বার নির্বাচিত হয়ে থাকলে এবং যাচাই-বাছাইকালে তা সনাক্ত হলে জালিয়াতির কারণে তাকে ভর্তি করা হবে না। এসবের পরেও কোনো শিক্ষার্থী জালিয়াতির মাধ্যমে ভর্তি হলেও এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি বাতিল করা হবে।

**[ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট সকলকে শতভাগ স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।]**

৩০.১১.২৩

মো. মোস্তাক হাবিব
প্রধান শিক্ষক
হাজী মুহম্মদ মুহসীন সরকারি উচ্চ বিদ্যালয়, রাজশাহী
০২-৫৮৮৮০০৭৬৭, ০১৩০৯১২৭০২৩

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. জেলা প্রশাসক, রাজশাহী ও সভাপতি, ভর্তি কমিটি
২. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল রাজশাহী
৩. সদস্য [সকল], জেলা পর্যায়ে ভর্তি কমিটি
৪. প্রধান শিক্ষক, রাজশাহী কলেজিয়েট স্কুল ও সদস্য-সচিব, ভর্তি কমিটি ২০২৩
৫. অভ্যন্তরীণ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা [শিক্ষক/শিক্ষিকা] ও সকল শিক্ষক [সিনিয়র শিক্ষক/শিক্ষিকা ও সহকারী শিক্ষক/শিক্ষিকা] এই বিদ্যালয়
৬. ড. শাফিয়া আফরোজ সরওয়ার, সিনিয়র শিক্ষিকা [ওয়েব সাইট ও নোটিশ বোর্ডে প্রচারের ব্যবস্থগ্রহণ]
৭. সংরক্ষণ